

হরতালের কারণে ছুটির দিনে এসএসসি পরীক্ষা

যায়দি রিপোর্ট

ইসলামীপন্থী কয়েকটি দলের ডাকা হরতালের কারণে চলমান এসএসসি ও সমমানের ২৪ তারিখের পরীক্ষা তত্বতার ছুটির দিনে অনুষ্ঠিত হয়েছে। আটটি সাধারণ শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার্থীদের রক্ষণ, পৌরনীতি ও যাবশায় উদ্যোগ, মন্ত্রিসা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষার্থীদের সাধারণ গণিত, তাজবীদ নসর ও নফম (মুসলিম গ্রুপ), তাজবীদ (হিফযুল কোরআন গ্রুপ) এবং কারিগরি বোর্ডের অধীনে দাখিলে (ডোকেশনাল) পদার্থ বিজ্ঞান-২ ও এসএসসি ডোকেশনালে পদার্থ-বিজ্ঞান-২ (সুজনশীল/সাধারণ) পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার মধ্যে হরতাল দেয়ার শিক্ষার্থীরা ফর্ডে পিছিয়ে না পড়ে, মেজবাই-২ বছর দিনে পরীক্ষা নেয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ডের কর্মকর্তারা।



২৪তারিখ ঢাকা অতিক্রম মডেল হাইস্কুল কেন্দ্রে পরীক্ষার্থীরা

অভিজ্ঞানকরা জানান, হরতালের কারণে পরীক্ষার সময়সূচি ও শিক্ষা কার্যক্রম এলোমেলো হয়ে যাচ্ছে। একটি পরীক্ষার প্রকৃতি নেচার পর হরতালের কারণে ওই পরীক্ষা স্থগিত হলে এতে মানসিক চাপ পড়ে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পরীক্ষা চলমান শিকার্থীদের জন্য অতিরিক্ত ও হরতালনিমূলক রাজনৈতিক কর্মসূচি না দেয়ার জন্য ইতোমধ্যে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানান।

জামায়াত রোববার ও সোমবার টানা দুদিন হরতাল দিয়েছে। শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, আগামী সপ্তাহে ৩ মার্চ রোববার বিজ্ঞান বিভাগের উচ্চতর গণিত (ডব্লিউ), ৫ মার্চ বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজি ভাষা ও সাহিত্য, গার্মেন্টস অর্থনীতি (ডব্লিউ), কৃষি শিক্ষা (ডব্লিউ), সঙ্গীত (ডব্লিউ) ওইদিন বিকালে আরবি, সংস্কৃতি, পালি, কর্মমুখী শিক্ষা (ডব্লিউ), কম্পিউটার শিক্ষা (ডব্লিউ), শারীরিক শিক্ষা তীর্জা (ডব্লিউ), বেসিক ট্রেড (ডব্লিউ), চাক ও কারুকর্ম (ডব্লিউ) এবং ৬ মার্চ সঙ্গীত পরীক্ষা হওয়ার সূচি রয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. এসএম ওয়াজেদুল্লাহমান যায়যায়দিনকে জানান, রোববারের পরীক্ষার বিষয়ে পনিবার বৈঠকে বসে ওই পরীক্ষার বিষয়ে করণীয় ঠিক করা হবে।